2000Rs.

INDIA NON JUDICIAL

२000रु. Rs 2000

सत्यमेव जयते

भारत

दो हज़ार रुपये TWO THOUSAND RUPEES

...under rule 21 and ... u/s 5(1), of the W.B.L.R. Act 1955, duly stamped Exempt from does not require stamp duty, under the Indi Stamp Act 1899 Schedule 1A No ......... Fees paid ......... Fee 6.50 paid in C.F.S ...

Addl. District Sub-Registrar Bidhannagar (Salt Lake)

... as Rs 3390/- ... has been paid by ... through Bank Draft No ... Branch. Certified the ... at ... Stamp duty has been paid in the document

Collector ... Stamps Affs

Dag-69
Plot C-2K 2 CH 22 Sqft

|| মং ৪০,০০০ , চল্লিশ হাজার টাকার সাফ বিক্রয় কোবালা দলিল ||
**************************************************************

ক্রেতা ::—
**********

১। শ্রী নিতাই মিত্র , ২। শ্রী নিমাই মিত্র , উভয়ের পিতা - শ্রী বিজয় কুমার মিত্র , সাং - ১০১।সি, মসজিদ বাড়ী ষ্ট্রীট , থানা - বটতলা , কলিকাতা - ৬ , জাতি - হিন্দু , পেশা - উভয়ের ব্যবসা , পোঃ অঃ - বিডন ষ্ট্রীট ,

বিক্রেতা ::—
************

শ্রী নির্মল ঘোষ কোলে , পিতা - স্বর্গীয় পাঁচু গোপাল ঘোষ কোলে , সাং - কলাবেড়িয়া , থানা - রাজারহাট , পোঃ অঃ - বিষ্ণুপুর — — , জেলা - উত্তর ২৪ পরগণা , জাতি - হিন্দু , পেশা - ব্যবসা ॥

কস্য সম্পূর্ণ মুক্তাবস্থায় স্থাবর সম্পত্তির সাফ বিক্রয় কোবালা পত্র মিদং

কার্য্যাঞ্চাগে ::— A-7468 31.7.98

জেলা.....২য় পৃঃ

জমিতে...৩য় পৃঃ

নং ৮১ তাং— ০৩-৭-৯৮

ক্রেতার নাম [illegible]

সাং ১০১ [illegible]

ষ্টাম্পের মূল্য ____________ টাকা মাত্র

ষ্ট্যাম্প ভেণ্ডার [illegible]

বিধান নগর (সল্ট লেক সিটি)

এ. ডি. এস. আর. অফিস

নং

মোট ষ্ট্যাম্প ক্রয় তাং ____________

এই চালান নং-এ মোট কত টাকার ষ্ট্যাম্প

খরিদ করা হইয়াছে ____________

ট্রেজারীর নাম—ব্যারাকপুর

ভেণ্ডার—মিতা দত্ত

17 JUN 1998

Rs 37000

Presented for registration at 12-50 on the 8th day of July 1998 at Bidhan Nagore (Salt Lake City) Sub-Registry office Executants/claimant attorney for Nirmal Ghosh Kole authenticated by the ...

Registrar of ...

নির্মল ঘোষ কোলে

Addl. District Sub-Registrar 8-7-98
Bidhannagar (Salt Lake)

Nirmal Ghosh Kole
S/o-Late Panchugopal Ghosh Kol
s/o. w/o. Kalaberia
of Rajarhat
P.S. Dist 24 Pargana
By Cast. Hindu/Muslim
By Profl. Service/H. Wife/Cultivation Business

নির্মল ঘোষ কোলে



4207

Shyamal Karmakar
S/o- Dukhiram Karmakar
s/o. w/o. Kalaberia
of Rajarhat
P.S. ............ Dist 24 Pargana
By Cast. Hindu/Muslim
By Profl. Service/H. Wife/Cultivation Business

[illegible]

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake)
8-7-98

জেলা - উত্তর ২৪ পরগণা থানা রাজারহাট ও এ্যাডিসন্যাল ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিস মোকাম বিধান নগর পরগণা কলিকাতা সাবেক ১৭৩নং তৌজির হাল ১০নং তৌজি ভুক্ত মৌজা কলাবেড়িয়া গ্রামে বর্তমান মালিক জমিদার পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা ২৪ পরগণার কালেকটর বাহাদুর অধিকারে প্রজার হাল ৭৩ নং খতিয়ানে ভুক্ত ২.১২ শতক জমির বার্ষিক খাজনা ২৮.২৭ পয়সা টাকা জমায় হালে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট জমার মধ্যে হাল ৬৯ নং দাগের জমির মধ্যে ১।৩ অংশের জমি ও অন্যান্য দাগের জমি যাহা সাং - কলাবেড়িয়া নিবাসী অধুনা মৃত পাঁচু গোপাল ঘোষ (কোলে) মহাশয়ের খাস দখলীয় ভোগদখলীয় সম্পত্তি থাকে। উক্ত পাঁচু গোপাল ঘোষ (কোলে) মহাশয় উপরোক্ত ও নিম্নে তপশীলে বর্ণিত দাগের জমি ও অন্যান্য দাগের জমিতে মালিকের করাদী আদায়ে খাসে ভোগদখলকার থাকাবস্থায় উহার এক স্ত্রী শ্রীমতী প্রভাবতী ঘোষ কোলে ও চারি পুত্র যথাক্রমে অত্র কোবালার বিক্রেতা আমাকে ও আমার অপর তিন ভ্রাতা বিমল ঘোষ (কোলে) অসীম ঘোষ (কোলে), ও স্বপন ঘোষ (কোলে) গণকে পুত্র বিধায় এবং দুই কন্যা শ্রীমতী মঞ্জু মল্লিক ও শ্রীমতী কৃষ্ণা ঘোষ কোলে দ্বয়কে কন্যা বিধায় ওয়ারেশ উত্তরাধিকারি ও উত্তরাধিকারিনী রাখিয়া পরলোক গমন করিলে পর তৎত্যক্ত যাবতীয় সম্পত্তি উক্ত শ্রীমতী প্রভাবতী ঘোষ কোলে উহার স্ত্রী বিধায় স্বামীর ওয়ারেশ সূত্রে এবং আমি অত্র কোবালার বিক্রেতা ও আমার অপর তিন ভ্রাতা এবং দুই ভগিনী উহার পুত্র কন্যা বিধায় পৈতৃক ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হইয়া মালিকের করাদী আদায়ে এজমালে খাসে ভোগদখলকার ও ভোগদখল - কারিনী থাকাবস্থায় বর্তমান বি.এল.আর.সেটেলমেন্ট জরিপে হাল ৬৯নং দাগের জমির মধ্যে আমাদের অংশ মাফিক জমি ও অন্যান্য দাগের জমি অত্র কোবালার বিক্রেতা আমার ও আমার অপর তিন ভ্রাতার নাম বরাবরে রেকর্ড ভুক্ত করাইয়া লইয়া উক্ত দাগের জমির মধ্যে আমাদের অংশ মাফিক জমি ও অন্যান্য দাগের

জমিতে...৩য় পৃঃ

Addl. District Sub-Regist...
Bidhannagar (Salt Lake)
8 7 98

:: ৩ ::

জমিতে মালিক দখলকার থাকাবস্থায় উক্ত স্বপন ঘোষ (কোলে) মহাশয় উহার এক স্ত্রী শ্রীমতী সবিতা ঘোষ (কোলে) ও এক কন্যা বুলু ঘোষ (কোলে) ও এক পুত্র শ্রী মনোজ কুমার ঘোষ (কোলে) গণকে স্ত্রী, পুত্র, কন্যা বিধায় ওয়ারেশ উত্তরাধি - কারি রাখিয়া পরলোক গমন করিলে পর তৎত্যক্ত যাবতীয় সম্পত্তি উক্ত শ্রীমতী সবিতা ঘোষ (কোলে) গং স্বামীর ও পৈতৃক ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হইয়া সকল শরীক - গণ এজমালে খাসে মালিক দখলকার ও দখলকারিনী থাকাবস্থায় উক্ত ৬৯নং দাগের জমির মধ্যে আমাদের অংশ মাফিক জমি ও অন্যান্য দাগের জমিতে নিজ নিজ ভোগ দখলের সুবিধার্থে সকল শরীকগণ একমতাবলম্বী হইয়া বিগত ইংরাজী ১০.১২.১৯৯৩ তারিখে অত্র বিধান নগর সাবরেজিষ্ট্রী অফিসের ১নং বহির ২০২নং ভলুমের ৩১৭ - ৩২৮ নং পাতায় নকলকৃত ৯৩৮৫ নং রেজিঃষ্ট্রীকৃত এককেতা আপোষ বন্টন - নামা দলিল দ্বারা উক্ত হাল ৬৯নং দাগের ১।৩ অংশের জমি ও অন্যান্য দাগের জমি বিভাগ বন্টন করিয়া লই। উক্ত আপোষ বন্টন নামা দলিলে তৃতীয় পক্ষ স্বরূপে নিম্নে তপশীলে বর্ণিত হাল ৬৯নং দাগের জমির মধ্যে ১।৩ অংশের জমি হইতে কমবেশ ৵১৸৵- ৪০' এক কাঠা পনের ছটাক চল্লিশ বর্গফুট জমি ও কমন প্যাসেজের বাবদ ৵৴- ১০' পাঁচ ছটাক দশ বর্গফুট জমি সহ মোট /২৵- ৫' দুই কাঠা পাঁচ ছটাক পাঁচ বর্গফুট জমি ও অন্যান্য দাগের জমি অত্র কোবালার বিক্রেতা আমার অংশে চিহ্নীত ও নির্দ্দিষ্ট হয়। আমি অত্র কোবালার বিক্রেতা উপরোক্ত ভাবে নিম্নে তপশীলে বর্ণিত জমি ও অন্যান্য দাগের জমি প্রাপ্ত হইয়া মালিকের করাদী আদায়ে খাজনা প্রদান করতঃ নির্বিবাদে খাসে ভোগদখল - কার আছি, ও যাহা আমার অংশ মাফিক জমি আমার বিক্রয় করিবার যোগ্য উত্তম নিব্যূঢ় স্বত্বাধিকার বর্তমানে আছে ॥

এক্ষণে আমার নানা বৈধ কারণ বশতঃ নগদ টাকার বিশেষ আবশ্যকে নিম্ন তপশীলে বর্ণিত ২৵- ২২' দুই কাঠা দুই ছটাক বাইশ বর্গফুট জমি আমি বিক্রয়ের ঘোষণা করিলে আপনারা উক্ত জমি খরিদের জন্য আমার নিকট

প্রস্তাব.....৪র্থ পৃঃ

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake)

8 7 98

প্রস্তাব করিলে আমি আপনাদ্বয়ের প্রস্তাবে সম্মত হইয়া উক্ত জমির বর্তমান মূল্য মং ৪০,০০০ , চল্লিশ হাজার টাকা পণে অত্র সাফ কোবালায় আপনাদের নিকট বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি হইতে এককালীন চিরনিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম এবং খোলসা খাস দখল দিয়া দিলাম । আপনারা অদ্য হইতে উপরিউক্ত বিক্রীত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান, ভোগবান ও মালিক দখলীকার নিযুক্ত হইয়া স্থানীয় পঞ্চায়েতে ট্যাক্সাদি আদায়ে আমার নামের পরিবর্তে আপনাদের নিজ নিজ নাম পত্তণ করতঃ দান, বিক্রয়ের ক্ষমতা যুক্তে পুত্র, পৌত্রাদি, ওয়ারিশান গণক্রমে যদৃচ্ছা ব্যবহারে পরম সুখে ভোগদখল করিতে থাকুন । কস্মিন কালেও আমি বা আমার ওয়ারিশান গনক্রমে কেহ কোন সময় কোন প্রকার দাবি দাওয়া বা ওজরাপত্তি করিতে পারিব না বা পারিবেক না । যদি কেহ করে বা করি তবে তাহা সর্বত্র বাতিল ও আদালত অগ্রাহ্য হইবে । কোবালা ভুক্ত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামীত্ব, সংশ্রব ছিল বা আছে তৎসমস্ত অদ্য আমাতে রদ ও রহিত হইয়া আপনাদিগতে বর্তিল ।।

যদি ভবিষ্যতে মিথ্যা বা অঞ্চকতা প্রকাশ পায় প্রচলিত আইন আমলে আসিব এবং তদ্দাবদ আপনাদের যাবতীয় ক্ষতি পূরণ সহ পণের টাকা নগদ এক - কালীন ফেরৎ দিতে বাধ্য থাকিলাম ও থাকিবেক । অত্র দলিলে ভুল থাকা প্রকাশ পাইলে আপনাদের খরচায় আপনাদের নাম বরাবর ভ্রম সংশোধন দলিল করিয়া দিতে বাধ্য ও সম্মত থাকিলাম ।।

এতদর্থে আপন খুশীতে, সুস্থ শরীরে, সরল মনে, স্বজ্ঞানে, স্বেচ্ছায় , অন্যের বিনানুরোধে অত্র দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া ও পণের টাকা নিম্ন জায়মত বুঝিয়া পাইয়া আপনাদের নাম বরাবর সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি সন বাংলা ১৪০৫ সালের - ২৩ শে শ্রাবণ - — ইংরাজী ১৯৯৮ সালের - ৮ই জুলাই,

তপশীল .......৫ন পৃঃ

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake)
8798

:: ৫ ::

॥ তপশীল সম্পত্তির পরিচয় ॥

**************************

জেলা — উত্তর ২৪ পরগণা থানা রাজারহাট ও এ্যাডিসন্যাল ডিষ্ট্রীকট্ সাব রেজিষ্ট্রী অফিস মোকাম বিধান নগর পরগণা কলিকাতা সাবেক ১৭৩ নং তৌজির হাল ১০নং তৌজি ভুক্ত মৌজা কলাবেড়িয়া গ্রামে জে.এল.নং - ৩০, রে.সা.নং - ৫২ প্রজার হাল ৭৩ নং খতিয়ানে ভুক্ত ২.১২ শতক জমির বার্ষিক খাজনা ২৮ - ২৭ পয়সা টাকা জমায় ও বর্ত্তমান বি.এল.আর. সেটেলমেন্ট জরিপের কৃষি ৩৭৯, ৪৮৪, ৯, ৩৭৯, ৩৬৩, ৩০৬, ১৬৬ নং খতিয়ানে হালে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট ।

হাল ৬৯ উনসত্তর নং দাগের শালি .২৮ শতক জমির মধ্যে বন্টন নামা দলিল মূলে আমার অংশে প্রাপ্তীয় জমি হইতে অত্র দলিলের সংলগ্ন নকসায় লাল রং দ্বারা চিহ্নীত ও সীমাবদ্ধ করা "সি" প্লট ভুক্ত ও দক্ষিণ দিকে চিহ্নীত ৩´ ফুট প্রশস্থ কমন প্যাসেজের জমি সমেত কমবেশ ২ ৵ - ২২´ দুই কাঠা দুই ছটাক বাইশ বর্গফুট জমি মায় উক্ত জমিতে যাতায়াতের জন্য দক্ষিণ দিকে চিহ্নীত ৬´ ফুট প্রশস্থ কমন প্যাসেজের বর্ত্তস্বত্ব সমেত জমি মায় যাবতীয় ইজমেন্ট রাইট সমেত জমি অত্র কোবালার বিক্রীত জমি হইতেছে । হারাহারী খাজনা ৫০ পয়সা মাত্র । অত্র দলিলের সংলগ্ন নকসা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে ।

যাহার চৌহদ্দী......৬ষ্ঠ পৃঃ

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake)
8 7 98

:: ৬ ::

॥ যাহার চৌহদ্দী ॥
*****************

উত্তরে ::— হাল ৭৫ নং দাগের জমি ॥

দক্ষিণে ::— ৬' ফুট প্রশস্থ কমন প্যাসেজ ॥

পূর্ব্বে ::— হাল ৬৮ নং দাগের জমি ॥

পশ্চিমে ::— হাল ৬৯ নং দাগের 'ডি' প্লট ভূক্ত জমি ॥

॥ টাকার জায় ॥
*************

১০০ , টাকার নোট ৪০০ কেতায় ৪০,০০০ , মং চল্লিশ হাজার টাকা মাত্র ॥

ই সা দী ::—
- - - - - - - - - - - -

মুসাবিদা কারক ::—
*********************

শ্রী সুধীর কুমার নস্কর ,
সাং - শিখরপুর , রাজারহাট ,
লাইসেন্স নং — DW -৪৮১-৭৬
- - - - - - - - - - - - - - - -

টাইপ কারক ::—
******************

অশোক কুমার ব্যানার্জী ,
বিধাননগর সাবরেজিষ্ট্রী অফিস ॥
- - - - - - - - - - - - - - - -

Book No. I
Volume No.— 81.
Pages 203 [redacted] 212.
Being No.— 3069.
for the year 1998.

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake)
8/7/98

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake)
3-8-98.